ইত্তেফাক

তারিখ ২২।৬।৮১
পৃষ্ঠা... কলাম ...

120

# জিয়াকে মরণোত্তর ডিএসসি ডিগ্রী প্রদান

(সংবাদদাতা প্রেরিত)

কৃষি বিশ্ববিদ্যালয়, ১১ই জুন।— বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয় শিক্ষা পরিষদ মরহুম রাষ্ট্রপতি জিয়াউর রহমানকে মরণোত্তর সম্মানসূচক ডক্টর অব সায়েন্স (ডিএসসি) ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত নিয়েছে।

এছাড়া শিক্ষা পরিষদ জিয়াউর

(শেষ পৃঃ ৫-এর কঃ দ্রঃ)

# ডিগ্রী প্রদান

(১ম পৃঃ পর)

রহমান স্বর্ণ পদক প্রবর্তনেরও সিদ্ধান্ত গ্রহণ করেছেন।

গত ৫ই জুন বিশ্ববিদ্যালয়ের শিক্ষা পরিষদের অধিবেশনে এ সিদ্ধান্ত নেয়া হয়েছে। স্বাধীন অর্থনীতি প্রতিষ্ঠা, কৃষি উন্নয়নে বৈপ্লবিক পদক্ষেপ, সাধারণ মানুষের জীবনযাত্রার মানোন্নয়ন ও শোষণহীন সমাজ প্রতিষ্ঠাকল্পে বিরামহীন উৎপাদনমুখী কর্ম তৎপরতায় মরহুম রাষ্ট্রপতির অনন্য অবদানের স্বীকৃতি স্বরূপ ডিএসসি ডিগ্রী প্রদানের সিদ্ধান্ত নেয়া হয়। এছাড়া কৃষি উৎপাদনে কৃষি বিশ্ববিদ্যালয়ের ছাত্র, শিক্ষক, গবেষকদের বিশেষ কৃতিত্ব ও অবদান রাখার জন্য জিয়াউর রহমানের নামে স্বর্ণ পদক প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।